

NOTRE DAME HOLY CROSS HIGH SCHOOL, MOHARPARA

CLASS-VIII SUBJECT- BENGALI

FULL MARK-40

১) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও:

1x5=5

১৯ শতকের দ্বিতীয়ার্ধে যে সব মুসলিম লেখকগণ বাংলা ভাষায় সাহিত্য রচনা করে আপনার যোগ্যতার পরিচয় দিয়েছিলেন, মীর মোশারফ হোসেন তাঁদের মধ্যে একাধারে নাট্যকার ও উপন্যাসিক সত্তার সমাবেশ ঘটেছিল। মীরের সাহিত্য জীবনের সূচনা 'সংবাদ প্রভাকর' পত্রিকার পাতায়। পরে তিনি 'আজীবন নেহার' নামে একটি মাসিক পত্রিকা সম্পাদন করেছিলেন। ১৮৪৭ খ্রিস্টাব্দের ১৩ নভেম্বর নদিয়া জেলার অন্তর্গত লাহিনাপাড়া গ্রামে মীর মোশারফের জন্ম হয়। রাজকার্যে যোগ্যতা ও পারদর্শিতার জন্য এঁরা মীর উপাধি লাভ করেন?

ক) মীর মোশারফ হোসেন কোন সময়ের গদ্য লেখক?

খ) তিনি কি ধরনের সাহিত্য রচনা করেন?

গ) কোন পত্রিকায় তাঁর সাহিত্য জীবনের সূচনা হয়?

ঘ) মীর মোশারফ হোসেনের সম্পাদিত পত্রিকাটির নাম কী?

ঙ) কবে মীর মোশারফের জন্ম হয়?

২) অর্থ লেখ: বাষ্পবারি, কোলাহল, বরণীয়, বিশ্বকি।

1x4=4

৩) বিপরীত শব্দ লিখ: দয়াহীন, নির্বিঘ্নে, শীতাতুর, প্রাচীন।

1x4=4

৪) বাক্য রচনা করো: আশঙ্কা, অমাবস্যা, বিপাক।

1x3=3

৫) চলিত ভাষায় রূপান্তরিত করো:

3x1=3

পাপের শেষ কোথায় গিয়া হয় কে জানে? পাপের একটি বীজ যেখানে পরে সেখানে দেখিতে দেখিতে গোপনে কেমন করিয়া সহস্র বৃক্ষ জন্মায় কেমন করিয়া অল্পে অল্পে সুশোভন মানবসমাজ অরণ্যে পরিণত হইয়া যায় তাহা কেহ জানিতে পারে না।

৬) নিচের প্রশ্নগুলির উত্তর লিখ:

1x5=5

ক) শকুন্তলার দুই প্রিয় সখীর নাম কি ছিল?

খ) গোবিন্দমাণিক্য নক্ষত্রকে গভীর বনের মধ্যে নিয়ে গিয়েছিলেন কেন?

গ) পৃথিবী বর্তমানে কাদের পদানত?

ঘ) রাম লক্ষণ সীতা কোথায় বনবাস করছিলেন?

ঙ) কাকে কখন রাজার বদলে 'দস্যু' নাম অভিহিত করা যায়?

৭) নিচের প্রশ্নগুলির উত্তর লিখ:

ক) অনুমতি যদি হয় করি নিবেদন- কার কথা? তাকে কখন বললেন? তিনি কখন নিবেদন করলেন?

খ) 'মহর্ষি কণ্ব শোকাবুল হইয়া মনে মনে কহিতে লাগিলেন'- ... মহর্ষি কণ্ব কে? কেন তিনি শোকাবুল হয়েছিলেন? মনে মনে তিনি কি বললেন?

৮) নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ-

5x2=10

ক) 'বুঝিলাম স্নেহ অতি বিষম বস্তু।'- কে কখন এই কথা অনুধাবন করলেন? স্নেহের প্রভাব তাঁর ওপরে কিভাবে পড়েছিল? উক্তিটির বিশদ ব্যাখ্যা করো। স্নেহ কে তিনি 'বিষম বস্তু' বলেছেন কেন?

খ) 'প্রশ্ন' কবিতাটির প্রশ্ন কার কাছে? এই কবিতায় কবি যে প্রশ্ন করেছেন, তা আলোচনা কর।